যায়যায়দিন

তারিখ 11 DEC 2006
পৃষ্ঠা ২ কলাম ৭

20

## জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি

# ছাত্রী নিপীড়নকারী শিক্ষকের শাস্তি দাবিতে মিছিল-সমাবেশ

**জাবি প্রতিনিধি**

জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটির বাংলা বিভাগের শিক্ষক ড. গোলাম মোস্তফার প্রথম বর্ষের এক ছাত্রীকে যৌন নিপীড়নের ঘটনায় পুরো ইউনিভার্সিটি উত্তপ্ত হয়ে উঠেছে। ড. গোলাম মোস্তফার শাস্তির দাবিতে গতকাল রবিবার বাংলা বিভাগের শিক্ষার্থীসহ সাধারণ শিক্ষার্থীরা দফায় দফায় মিছিল-সমাবেশ এবং উপাচার্য বরাবর স্মারকলিপি দিয়েছে। এ সময় তারা ১৬ ডিসেম্বরের মধ্যে অভিযুক্ত শিক্ষকের অপসারণ দাবি করে। একই দাবিতে মিছিল-সমাবেশ ও স্মারকলিপি পেশ করেছে প্রগতিশীল ছাত্র জোট ও সাংস্কৃতিক জোট। সাংস্কৃতিক জোট ব্যাপকতর আন্দোলন গড়ে তুলতে শিক্ষার্থীদের স্বাক্ষর সংগ্রহ গতকালও অব্যাহত রেখেছে।

এদিকে গতকাল সকালে বাংলা বিভাগের সভাপতিকে হুমকি দিয়েছে ছাত্রী নিপীড়নকারী শিক্ষক গোলাম মোস্তফার অনুগত কিছু ছাত্র। বেলা ১১টায় বাংলা বিভাগের মাস্টার্সের ছাত্র সাগর রশিদ ও দ্বিতীয় বর্ষের ছাত্র মাহবুবের নেতৃত্বে কয়েক ছাত্র বিভাগীয় সভাপতি ড. সৌদা আক্তারকে হুমকি দেয়। এছাড়া বাংলা বিভাগের শিক্ষার্থীদের মিছিল শুরুর সময় শিক্ষক ড. গোলাম মোস্তফা তাদের হুমকি ও ভয়ভীতি দেখান।